সিলেট ক্রিকেটার্স এসোসিয়েশন ইউকে’র শীতবস্ত্র বিতরণ

ডেস্ক রিপোর্ট: সিলেট ক্রিকেটার্স এসোসিয়েশন ইউকে’র উদ্যোগে নগরীতে অসহায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। শনিবার রাতে নগরীর বাগবাড়ী বর্ণমালা স্কুল প্রাঙ্গনে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আওয়ামীলীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক শফিউল আলম চৌধুরী নাদেল।

সরকারী শিশু পরিবার বালক শাখার উপ তত্ত্বাবধায়ক মো: আবু ইউসুফের সভাপতিত্বে ও জেলা সমাজ সেবা অফিসের সহকারী পরিচালক মো: নাজিম উদ্দিনের পরিচালনায় অনুষ্ঠিত শীতবস্ত্র অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সিলেট বিভাগীয় ক্রিকেট কমিটির সাধারণ সম্পাদক ফরহাদ কোরেশী।

এসোসিয়েশনের নেতৃবৃন্দ যুক্তরাজ্য প্রবাসী আমিনুল হক লিটু, জাকোয়ান চৌধুরী, জহিরুল হক হিরু, মশিউর রহমান, জুম্মা খান, আলী সানজিদ সামি, সুমন জালালাবাদী, নাছিরুল আলম নাহিদ, আহমদ বুলবুল, সৈয়দ মাহফুজ আহমদ, মাছুমুল হক, আফজাল জনি, হেলাল আহমদ, এ মুনিম, জালাল ও ইমদাদুল হক এর সার্বিক সহযোগিতায় এসব শীতবস্ত্র বিতরণ করা হয়।

শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ক্রিকেটার্স এসোসিয়েশন ইউকের সিলেট প্রতিনিধি মোঃ আল ওয়াদুদ সুইট, জাবির আহমদ, সৈয়দ কাবি, পাপলু দত্ত, আশরাফ আরমান ও জাবেদুর রহমান প্রমূখ।

প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ও বিশিষ্ট ক্রীড়া সংগঠক শফিউল আলম চৌধুরী নাদেল বলেন, যুব সমাজ আমাদের অহংকার। মানবতার কল্যাণে কাজ করার জন্য তরুণদের উৎসাহ উদ্দীপনা দেয়া উচিত। প্রচন্ড শীতে অসহায় ও দরিদ্র মানুষ আজ দিশেহারা। সরকার যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছে। অসহায় শীতার্ত মানুষের সাহায্যার্থে সরকারের পাশাপাশি বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক সংগঠন ও বিত্তবানদের এগিয়ে আসতে হবে। মানবতার ডাকে সাড়া দিয়ে অসহায় মানুষের পাশে দাড়াঁনো সবার নৈতিক দায়িত্ব।